গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।

এবং

জেলা প্রশাসক, দিনাজপুর।

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ – জুন ৩০, ২০২৪

# সূচিপত্র



| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ০৩ |
| ০২ | উপক্রমণিকা | ০৪ |
| ০৩ | সেকশন ১ :রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলী (Functions) | ০৫ |
| ০৪ | সেকশন ২: কার্যক্রম , কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ০৭ |
| ০৫ | সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১৯ |
| ০৬ | সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি | ২০ |

# দিনাজপুর সদর উপজেলা প্রশাসনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Upazilla Administration, Dinajpur sadar, Dinajpur)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

- **সাম্প্রতিক বছরসমূহের (বিগত ৩ বছর) প্রধান অর্জনসমূহ**

জনসেবায় নিবেদিত উপজেলা প্রশাসন গড়ে তোলার লক্ষ্যে ও জনগণকে One Stop Service প্রদানের লক্ষ্যে সেবাবান্ধব সিটিজেন চার্টার স্থাপন করা হয়েছে। দিনাজপুর সদর উপজেলাকে বাল্যবিবাহমুক্ত উপজেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উপজেলা প্রশাসন কর্তৃক বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিগত তিন বছরে উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক অবস্থায় রাখাসহ ইউনিয়ন পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পাদন করা হয়েছে। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ, উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপন, নতুন উপজেলা পরিষদ ভবন নির্মাণ করা হয়েছে এবং পর্যটন শিল্পে ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে। উপজেলা প্রশাসনের সার্বিক মনিটরিং ও মোবাইল কোর্ট প্রভৃতির মাধ্যমে সাম্প্রতিক সময়ে বাল্যবিবাহ নিরোধে উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে। মুজিববর্ষে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ১১০১টি 'ক' শ্রেণিভুক্ত 'ভূমিহীন ও গৃহহীন' পরিবারকে জমি ও ঘরসহ পুনর্বাসন করা হয়েছে। চেহেলগাজী মাজার সংরক্ষণ ও উন্নয়নে বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। করোনা ভাইরাসের দুর্যোগ মোকাবেলায় উপজেলা প্রশাসন সফলভাবে কাজ করে যাচ্ছে। এডিপি অর্থায়নে উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। বিশেষকরে ঐতিহাসিক রামসাগরে সৌন্দর্য্য বৃদ্ধির লক্ষে সুদৃশ্য প্রধান তোরণ এবং দুটি নান্দনিক পুকুর ঘাটসহ ইউনিয়ন পর্যায়ে অবকাঠামো নির্মাণ করা হয়েছে। শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্মার্ট বাংলাদেশ ধারণার প্রচার এবং শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। উপজেলার ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে গৃহ প্রদান এবং শিক্ষা উপকরণ ও বৃত্তি প্রদান করা হয়েছে।

- **চ্যালেঞ্জসমূহ**

দক্ষ জনশক্তির স্বল্পতা কর্মসম্পাদনের ক্ষেত্রে দিনাজপুর সদর উপজেলার একটি প্রধান সমস্যা। বিশেষকরে, কৃষির ওপর অধিক নির্ভরশীলতার কারণে শিল্পভিত্তিক উদ্যোক্তার অভাব এবং শিল্পায়নে অনগ্রসরতা এ উপজেলার আরেকটি অন্যতম সমস্যা। উপজেলায় গ্রাম পর্যায়ে ইন্টারনেট ও আইসিটি স্বাক্ষরতা সমস্যার কারণে ডিজিটাল বাংলাদেশ তথা স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে অনেক বাধার সম্মুখীন হতে হচ্ছে। অপর্যাপ্ত জনশক্তি ও সীমিত সম্পদ নিয়ে পশ্চাৎপদ দিনাজপুর সদর উপজেলার বিপুল জনগোষ্ঠীর মধ্যে কাঙ্খিত সেবা পৌছানোই উপজেলা প্রশাসনের জন্য এ সময়ের সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

- **ভবিষ্যৎ পরিকল্পনা**

প্রশিক্ষণের মাধ্যমে বিদ্যমান জনশক্তিকে উপযুক্ত করে প্রস্তুতের ব্যবস্থা নেয়া হবে। অফিস কর্তৃক প্রদেয় সেবা সম্পর্কে মানুষকে ধারনা দেয়া/ সচেতনতা সৃষ্টির জন্য সিটিজেন চার্টার প্রদর্শন এবং One Stop Service চালু করে জনসেবার মান বাড়ানোর চেষ্টা করা হবে। মানব সম্পদ উন্নয়নে দিনাজপুর সদর উপজেলার ১০ টি (সকল) ইউনিয়ন পরিষদে লাইব্রেরি স্থাপন করা এবং ডিজিটাল সেন্টাগুলোকে প্রশিক্ষণমুখী হিসেবে গড়ে তোলা হবে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/প্রকল্পসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে। মুক্তিযুদ্ধে দিনাজপুর সদর উপজেলার ইতিহাস সংকলন/সংরক্ষণ বিষয়ক পুস্তিকা প্রকাশ; দিনাজপুর সদর উপজেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং তাদের ভাষা, সংস্কৃতি, ঐতিহ্যের বিকাশ ও সংরক্ষণে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন; প্রকৃত স্বশিক্ষিত আত্মবিশ্বাসী মুক্তিযুদ্ধের চেতনায় দীপ্ত তরুণ সমাজ গঠন করা হবে।

মেয়েদের আত্মকর্মসংস্থানের সুযোগ করে দেয়ার জন্য কম্পিউটার,বাই-সাইকেল, মোটর সাইকেল চালানোয় পারদর্শী করে তোলা; ছাত্র/ছাত্রী ও শিক্ষিত বেকারদেরকে আইসিটি ও কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলা; কৃষির আধুনিক বিজ্ঞানভিত্তিক বিকাশ সাধন করা; পর্যটন শিল্পের বিকাশ সাধনে সদর উপজেলার পর্যটন ও ইতিহাস-ঐতিহ্য বিষয়ক পুস্তিকা প্রণয়ন; প্রত্নতাত্ত্বিক স্থাপনাগুলো যেমন-দিনাজপুর লাইব্রেরি, রাজবাড়ী, রামসাগর, সুখসাগর, প্রভৃতি এবং শিক্ষা ও গবেষণা ভিত্তিক কার্যক্রমের ব্যাপক উন্নয়ন সাধন করা হবে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- **উপযুক্ত প্রশিক্ষণ প্রদান ও জ্ঞানচর্চায় উদ্বুদ্ধকরণের মাধ্যমে উপজেলা প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীদের প্রকৃত ও দক্ষ জনসেবক হিসাবে গড়ে তোলা;**
- **সাধারণ জনগণকে সহজে সুবিচার প্রদান ও মামলার জট কমাতে দিনাজপুর সদর উপজেলার ১০ টি ইউনিয়নে গ্রাম আদালতকে শক্তিশালীকরণ;**
- **২০২৪ সালের জুলাই মাসের মধ্যে দিনাজপুর সদর উপজেলাকে শতভাগ স্কাউট উপজেলায় পরিণত করা।**
- **২০২৪ সালের জুলাই মাসের মধ্যে দিনাজপুর সদর উপজেলাকে প্রাথমিকভাবে বাল্যবিবাহ মুক্তকরণ।**

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর

এবং

জেলা প্রশাসক, দিনাজপুর

এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ....... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১:

**রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলী (Functions)**

## ১.১ : রূপকল্প (Vision)

দক্ষ, গতিশীল, উন্নয়ন সহায়ক এবং জনবান্ধব উপজেলা প্রশাসন।

## ১.২ : অভিলক্ষ্য (Mission)

প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি, তথ্যপ্রযুক্তির যথাযথ ব্যবহার ও সেবাদাতাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন এবং উদ্ভাবন চর্চার মাধ্যমে সময়াবদ্ধ ও মানসম্মত সেবা নিশ্চিত করা।

## ১.৩ : কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ : উপজেলার অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. উপজেলা পর্যায়ে সরকারি ও বেসরকারি সকল উন্নয়নমূলক কার্যক্রমসমূহের কার্যকর সমন্বয়সাধন;

২. দূর্যোগ ব্যবস্থাপনা, বনায়ন, জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সংরক্ষণসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিতকরণ;

৩. সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম বাস্তবায়ন জোরদারকরণ;

৪. জেলা প্রশাসনের নির্দেশনায় রাজস্ব প্রশাসন ও ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়ন;

৫. জনসচেতনতামূলক কার্যক্রম উদ্বুদ্ধকরণ জোরদারকরণ;

১.৩.২ : সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

## ১.৪ : কার্যাবলী (Funcions)

১. উপজেলার আন্ত:বিভাগীয় কর্মকান্ডের সমন্বয় এবং প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহসহ উপজেলার প্রধান উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নে সমন্বয়কারীর দায়িত্ব পালন;

২. সরকার কর্তৃক কৃষি, স্বাস্থ্যসেবা ও জনস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, নারী ও শিশু, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কল্যাণ, প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা বিষয়ক গৃহীত সকল নীতিমালা ও কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন, তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও সমন্বয়সাধন;

৩. দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ, জিআর, টিআর, কাবিখা, কাবিটা, ভিজিডি, ভিজিএফ, অতি দরিদ্রদের জন্য কর্মসৃজন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;

৪. ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণসহ পরিবেশ দুষণের ফলে সৃষ্ট জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় জনসচেতনতা সৃষ্টি, বনায়ন, বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সার্বিক সহায়তা করা এবং সার্বিক সমন্বয় সাধন ও পরিবীক্ষণ;

৫. সামাজিক নিরাপত্তা ও দারিদ্র্য বিমোচনে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত আমার বাড়ী আমার খামারসহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান ও কার্যকর সমন্বয় সাধন;

৬. উপজেলার রাজস্ব প্রশাসনের সার্বিক নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং পরিবীক্ষণ;

৭. এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেসি সম্পর্কিত যাবতীয় ক্ষমতা প্রয়োগ, মোবাইল কোর্ট পরিচালনা, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষাপূর্বক জনজীবনে স্বস্তি আনয়ন এবং ভিভিআইপিদের নিরাপত্তা সংক্রান্ত কার্যাবলী;

৮. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনার আওতায় অভিযোগ নিষ্পত্তিকরণ;

৯. বিভিন্ন সামাজিক সমস্যা যেমন যৌন হয়রানি, নারী নির্যাতন, মাদক সেবন, চোরাচালান, যৌতুক, বাল্যবিবাহ ইত্যাদি প্রতিরোধ/নিরসনে কার্যক্রম গ্রহণ;

১০. স্থানীয় সরকার সংক্রান্ত কার্যক্রম ;

১১. প্রবাসীদের ডাটাবেইজ প্রস্তুত, বিদেশগামী ব্যক্তিদের প্রতারণা ও হয়রানি প্রতিরোধ এবং মানব পাচার রোধসহ প্রবাসী কল্যাণে যাবতীয় কার্যক্রম গ্রহণ;

১২. এনজিওদের কার্যক্রম তদারকি ও সমন্বয়, এনজিও কার্যক্রমের ওভারল্যাপিং প্রতিরোধকল্পে কর্মক্ষেত্র নির্ধারণে মতামত প্রদান এবং এনজিওদের অনুকূলে ছাড়কৃত অর্থের পরিবীক্ষণ ও ক্ষুদ্রঋণসহ অন্যান্য কার্যক্রম পরিদর্শন/দর্শন;

১৩. জাতীয় ই-গভর্নেন্স কার্যক্রম বাস্তবায়ন; সেবা পদ্ধতি সহজীকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান, উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদকরণ, সোশ্যাল মিডিয়া ব্যবহার এবং বিভিন্ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও তদারকি।

সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত দপ্তরের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| অর্থনৈতিক/সামাজিক উন্নয়ন | মানুষের জীবন মান উন্নয়ন | সংখ্যা | - | - | ৫০ | ৬০ | ৭০ | - | সংখ্যা, প্রতিবেদন |
| বিদ্যুৎ সরবরাহ | শতভাগ বিদ্যুতায়ন | সংখ্যা | - | - | ৫ টি | ৬টি | ৭টি | - | ইউনিয়নের সংখ্যা |
| আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি | মোবাইল কোর্ট পরিচালনা | সংখ্যা | - | - | ১২০ টি | ১২৫ টি | ১৩০ টি | - | সংখ্যা, প্রতিবেদন |
| ভিক্ষুক মুক্ত দিনাজপুর সদর | ভিক্ষুক পুনর্বসান | সংখ্যা | - | - | ২০০ টি | ২৫০ টি | ৩০০ টি | - | সংখ্যা, প্রতিবেদন |

## সেকশন ৩

# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রা সমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২০২৪ (Target /Criteria Value for FY 2023-24) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২৪-২৫ | প্রক্ষেপন (Projection) ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **উপজেলা প্রশাসনের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| উপজেলা পর্যায়ে দপ্তরসমূহের উন্নয়নমূলক কার্যক্রমসমূহের কার্যকর সমন্বয়সাধন | ২০ | [১.১] উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ৫ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | [১.২] উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০% | ১০০% |
| | | [১.৩] বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন | পরিদর্শনকৃত প্রকল্প | সংখ্যা | ৪ | ৫ | ৬ | ১৪ | ১২ | ১১ | ৯ | - | ১৫ | ২০ |
| | | [১.৪] এনজিও কার্যক্রম সমন্বয় বিষয়ক সভা | সভা অনুষ্ঠিত | সংখ্যা | ৪ | ৮ | ১০ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | [১.৫] এনজিও কার্যক্রম সমন্বয় বিষয়ক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ২ | ৮০% | ৯০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - | ১০০% | ১০০% |
| | | [১.৬] এনজিওদের অনুকূলে ছাড়কৃত অর্থের পরিবীক্ষণ | পরিবীক্ষণকৃত এনজিও | সংখ্যা | ২ | ৫ | ৬ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৯ | ১০ |
| | | [১.৭] ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিদর্শন/দর্শন; | পরিদর্শন/দর্শন | সংখ্যা | ১ | ১০ | ১০ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ১০ | ১৫ | ১৬ |
| মানবসম্পদ উন্নয়ন, সার্কিট হাউস ব্যবস্থাপনার উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ১১ | [২.১] উপজেলা প্রশাসনে কর্মরত কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ প্রদত্ত | % | ১ | ৭০% | ৮০% | ১০০% | ৯০% | ৮০% | - | - | ১০০% | ১০০% |
| | | [২.২] উপজেলা প্রশাসনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের আইসিটি ব্যবহার নিশ্চিত করা | আইসিটি ব্যবহারকারী | % | ২ | ৮০% | ৯০% | ১০০% | ৯০% | ৮০% | - | - | ১০০% | ১০০% |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২০২৪ (Target /Criteria Value for FY 2023-24 | | | | | প্রক্ষেপন (Projection) ২০২৪-২৫ | প্রক্ষেপন (Projection) ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| দুর্যোগ ব্যবস্থাপনা, বনায়ন, জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সংরক্ষণসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিতকরণ | ১০ | [৩.১] ত্রাণ ও পুনর্বাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সভা অনুষ্ঠান | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ১ | ১০ | ১১ | ১২ | ১১ | ১০ | - | - | ১২ | ১২ |
| | | [৩.২] ত্রাণ ও পুনর্বাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - | ১০০% | ১০০% |
| | | [৩.৩] দুর্যোগ ক্ষতিগ্রস্ত এলাকা তাৎক্ষনিক পরিদর্শন/দর্শন | পরিদর্শন/দর্শন কৃত | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | - | - | ১০০% | ১০০% |
| | | [৩.৪] জিআর প্রদান | প্রদানকৃত জিআর | % | ০.৫ | ১০০% | ১০০% | ১০০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ১০০% | ১০০% |
| | | [৩.৫] ভিজিএফ প্রদান | প্রদানকৃত ভিজিএফ | % | ০.৫ | ১০০% | ১০০% | ১০০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ১০০% | ১০০% |
| | | [৩.৬] টেস্ট রিলিফ প্রদান | প্রদানকৃত রিলিফ | % | ০.৫ | ১০০% | ১০০% | ১০০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ১০০% | ১০০% |
| | | [৩.৭] গ্রামীন অবকাঠামো নির্মানের জন্য কাবিখা প্রকল্প বাস্তবায়ন | বাস্তবায়িত প্রকল্প | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ১০০% | ১০০% |
| | | [৩.৮] গ্রামীন অবকাঠামো নির্মানের জন্য কাবিটা প্রকল্প বাস্তবায়ন | বাস্তবায়িত প্রকল্প | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ১০০% | ১০০% |
| | | [৩.৯] অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি | বাস্তবায়িত প্রকল্প | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ১০০% | ১০০% |
| | | [৩.১০ ] বৃক্ষরোপনের জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ মেলা আয়োজন | আয়োজিত মেলা | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | - | - | - | - | ১ | ১ |
| | | [৩.১১] সামাজিক বনায়নের জন্য বিভিন্ন | বিতরণকৃত চারা | % | ০.৫ | ১০০% | ১০০% | ১০০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ১০০% | ১০০% |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২০২৪ (Target /Criteria Value for FY 2023-24) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২৪-২৫ | প্রক্ষেপন (Projection) ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | প্রকার বৃক্ষের চারা বিতরণ | | | | | | | | | | | | |
| | | [৩.১২] উপজেলা পরিবেশ কমিটির সভা আয়োজন | আয়োজিত সভা | সংখ্যা | ০.৫ | ১ | ১ | ৬ | ৫ | ৪ | ৩ | - | ৬ | ৬ |
| | | [৩.১৩] উপজেলা পরিবেশ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | % | ০.৫ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | - | - | ১০০% | ১০০% |
| সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম বাস্তবায়ন জোরদারকরণ | ১০ | [৪.১] মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ | ভাতা বিতরণকৃত | % | ৩ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | - | - | ১০০% | ১০০% |
| | | [৪.২] প্রতিবন্ধী ভাতা প্রদান কার্যক্রম তদারকি | ভাতা বিতরণ কার্যক্রম তদারককৃত | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | - | - | ১০০% | ১০০% |
| | | [৪.৩] বিধবা ভাতা বিতরণ কার্যক্রম তদারকি | ভাতা বিতরণ কার্যক্রম তদারককৃত | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | - | - | ১০০% | ১০০% |
| | | [৪.৪] সামাজিক নিরাপত্তামূলক প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণ | পরিবীক্ষণকৃত প্রকল্প | সংখ্যা | ১ | ১১ | ১১ | ১২ | ১১ | ১০ | - | - | ১২ | ১২ |
| | | [৪.৫] প্রতিবন্ধীদের শিক্ষা ও অন্যান্য কল্যাণমূলক কাজে সহায়তা প্রদান | সহায়তা প্রদত্ত | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | - | - | ১০০% | ১০০% |
| রাজস্ব প্রশাসন ও ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়ন | ১০ | [৫.১] উপজেলা ভূমি অফিস পরিদর্শন | পরিদর্শনকৃত অফিস | সংখ্যা | ১ | ৬ | ৬ | ৬ | ৫ | ৪ | - | - | ৭ | ৮ |
| | | [৫.২] ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন | পরিদর্শনকৃত অফিস | সংখ্যা | ১ | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৫ | ৪০ | ৩৫ | - | ৪৮ | ৫০ |
| | | [৫.৩] ভূমি রেকর্ড হালনাগাদকরণ | হালনাগাদকৃত খতিয়ান | সংখ্যা | ১ | ৫০০০ | ৫৫০০ | ৬০০০ | ৫৫০০ | ৫০০০ | ৪৮০০ | - | ৬০০০ | ৬২০০ |
| | | [৫.৪] কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান | পুনর্বাসিত পরিবার | সংখ্যা | ১ | ৪৭ | ২৩ | ৪৭ | ৪৫ | ৪২ | ৪০ | - | ৪৭ | ৪৭ |
| | | [৫.৫] অকৃষি খাস জমি | আবেদন নিষ্পন্ন | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | ৮০% | ৬০% | - | - | ১০০% | ১০০% |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২০২৪ (Target /Criteria Value for FY 2023-24 | | | | | প্রক্ষেপন (Projection) ২০২৪-২৫ | প্রক্ষেপন (Projection) ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | বন্দোবস্ত প্রদান | | | | | | | | | | | | |
| | | [৫.৬] ভূমি উন্নয়ন করের সঠিক দাবী নির্ধারণ | সঠিকভাবে দাবী নির্ধারিত | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | - | - | - | - | ১০০% | ১০০% |
| | | [৫.৭] ভূমি উন্নয়ন কর আদায় তদারকি করা | আদায়কৃত ভূমি উন্নয়ন কর | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | ৯৫% | ৯০% | - | - | ১০০% | ১০০% |
| | | [৫.৮] সায়রাত মহাল বন্দোবস্ত প্রদান | আদায়কৃত ইজারামূল্য | % | ১ | ৮০% | ৮০% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | - | ৮৫% | ৯৫% |
| | | [৫.৯] রাজস্ব মামলা নিষ্পত্তি | মামলা নিষ্পত্তির হার | % | ১ | ৭০% | ৭০% | ৮০% | ৭৫% | ৭০% | ৬৫% | ৬০% | ৮০% | ৮০% |
| | | [৫.১০] ১নং খতিয়ানভুক্ত সরকারি সম্পত্তির অবৈধ দখল উদ্ধার | উদ্ধারকৃত ভূমি | % | ১ | ০.০৩৩% | ০.৫৫% | ০.৬০% | ০.৫৫% | ০.৫০% | ০.৪৫% | ০.৪০% | ০.৬৫% | ০.৭০% |
| জনশৃঙ্খলা ও জননিরাপত্তা সংহতকরণ | ১০ | [৬.১] মোবাইল কোর্ট পরিচালনা | পরিচালিত মোবাইল কোর্ট | সংখ্যা | ১ | ৯৭ | ১১০ | ১২০ | ১১৫ | ১১০ | ১০০ | ৯০ | ১৩০ | ১৪০ |
| | | [৬.২] সুষ্ঠুভাবে পাবলিক পরীক্ষা পরিচালনা | পাবলিক পরীক্ষার প্রশ্নপত্রের নিরাপত্তা নিশ্চিতকৃত | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | - | - | - | - | ১০০% | ১০০% |
| | | | পরিচালিত পাবলিক পরীক্ষা | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | - | - | - | - | ১০০% | ১০০% |
| | | [৬.৪] থানা পরিদর্শন | প্রমাপ অর্জিত | সংখ্যা | ১ | ৮ | ১০ | ১২ | ১১ | ১০ | - | - | ১২ | ১২ |
| | | [৬.৫] উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ১ | ১১ | ১২ | ১২ | ১১ | ১০ | - | - | ১২ | ১২ |
| | | [৬.৬] চাঞ্চল্যকর ও লোমহর্ষক ঘটনা অবহিতকরণ | ৪ ঘণ্টার মধ্যে গোচরে আনীত | % | ০.৫ | ১০০% | ১০০% | ১০০% | - | - | - | - | ১০০% | ১০০% |
| | | | ২৪ ঘণ্টার মধ্যে প্রতিবেদন | % | ০.৫ | ১০০% | ১০০% | ১০০% | - | - | - | - | ১০০% | ১০০% |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২০২৪ (Target /Criteria Value for FY 2023-24) | | | | | প্রক্ষেপন (Projection) ২০২৪-২৫ | প্রক্ষেপন (Projection) ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | পেশকৃত | | | | | | | | | | | |
| | | [৬.৭] উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়নের হার | % | ০.৫ | ৮০% | ৯০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | ১০০% | ১০০% |
| | | [৬.৮] পাক্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণ | প্রেরিত প্রতিবেদন | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | - | | - | ১০০% | ১০০% |
| জনসচেতনতা মূলক কার্যক্রমে জনউদ্বুদ্ধকরণ জোরদারকরণ | ১০ | [৭.১] এসিডের অপব্যবহার রোধ সংক্রান্ত সভা আয়োজন | আয়োজিত সভা | সংখ্যা | ০.৫ | ১০ | ১১ | ১২ | ১১ | ১০ | - | - | ১২ | ১২ |
| | | [৭.৩] মাদকদ্রব্যের অপব্যবহার নিয়ন্ত্রণে জনসচেতনামূলক সভা আয়োজন | আয়োজিত সভা | সংখ্যা | ০.৫ | ৭ | ৮ | ১২ | ১১ | ১০ | - | - | ১২ | ১২ |
| | | [৭.৪] নারী ও শিশু নির্যাতন রোধে জনসচেতনামূলক সভা আয়োজন | আয়োজিত সভা | সংখ্যা | ০.৫ | ১১ | ১২ | ১২ | ১১ | ১০ | - | - | ১২ | ১২ |
| | | [৭.৫] যৌতুক নিরোধের লক্ষ্যে জনসচেতনামূলক সভা আয়োজন | আয়োজিত সভা | সংখ্যা | ০.৫ | ১০ | ১১ | ১২ | ১১ | ১০ | - | - | ১২ | ১২ |
| | | [৭.৬] বাল্যবিবাহ রোধে কর্মপরিকল্পনা প্রণয়ন | কর্মপরিকল্পনা প্রণীত | বাল্যবিবাহমুক্ত ইউপি সংখ্যা | ২ | ১ | ১ | ২ | ১ | ০ | - | - | ২ | ২ |
| | | [৭.৭] বাল্যবিবাহ নিরোধের লক্ষ্যে জনসচেতনামূলক সভা আয়োজন | আয়োজিত সভা | সংখ্যা | ০.৫ | ১০ | ১১ | ১২ | ১১ | ১০ | - | - | ১২ | ১২ |
| | | [৭.৮] সন্ত্রাস ও জঙ্গীবাদ দমনে জনসচেতনামূলক | আয়োজিত সভা | সংখ্যা | ১ | ১১ | ১২ | ১২ | ১১ | ১০ | - | - | ১২ | ১২ |
| | | | সভার সিদ্ধান্ত | % | ০.৫ | ৮০% | ৯০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - | ১০০% | ১০০% |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২০২৪ (Target /Criteria Value for FY 2023-24 | | | | | প্রক্ষেপন (Projection) ২০২৪-২৫ | প্রক্ষেপন (Projection) ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | সভা আয়োজন | বাস্তবায়নের হার | | | | | | | | | | | |
| | | [৭.৯] নারী ও শিশু পাচার রোধে জনসচেতনামূলক সভা আয়োজন | আয়োজিত সভা | সংখ্যা | ০.৫ | ১০ | ১১ | ১২ | ১১ | ১০ | - | - | ১২ | ১২ |
| | | | সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার | | ০.৫ | ৮০% | ৯০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - | ১০০% | ১০০% |
| | | [৭.১০] চোরাচালান প্রতিরোধে জনসচেতনামূলক সভা আয়োজন | আয়োজিত সভা | সংখ্যা | ০.৫ | ১০ | ১১ | ১২ | ১১ | ১০ | - | - | ১২ | ১২ |
| | | | সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার | | ০.৫ | ৮০% | ৯০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - | ১০০% | ১০০% |
| | | [৭.১১] যৌন হয়রানি, জাল নোট ও হুন্ডি ব্যবসা নিয়ন্ত্রণে এবং প্রতিরোধে জনসচেতনামূলক সভা আয়োজন | আয়োজিত সভা | সংখ্যা | ১ | ৮ | ১০ | ১২ | ১১ | ১০ | - | - | ১২ | ১২ |
| ক্রীড়া, সংস্কৃতি ও নারী উন্নয়ন ত্বরানিতকরণ | ৫ | [৮.১] ক্রীড়া সংস্থার আওতাধীন প্রতিটি ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | আয়োজিত ক্রীড়া প্রতিযোগিতা | সংখ্যা | ১ | ৭ | ৯ | ৯ | ৮ | ৭ | - | - | ১০ | ১০ |
| | | [৮.২] সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন | আয়োজিত প্রতিযোগিতা | সংখ্যা | ১ | ৭ | ৫ | ১০ | ৯ | ৮ | - | - | ১০ | ১০ |
| | | [৮.৩] উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা আয়োজন | আয়োজিত সভা | সংখ্যা | ১ | ৮ | ১০ | ১২ | ১১ | ১০ | - | - | ১২ | ১২ |
| | | [৮.৪] উপজেলা নারী ও শিশু নির্যাতন কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - | ১০০% | ১০০% |

# আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০২৩-২০২৪ (Target Value-20-23-24) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৩ | ২০২০-২০২১ অর্থ বছরের খসড়া **বার্ষিক** কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিলকৃত | তারিখ | ১ | ৩০মে ২০২০ | ৩১ মে ২০২০ | ১ জুন ২০২০ | ২ জুন ২০২০ | ৩ জুন ২০২০ |
| | | ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | ১ | - |
| | | ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানু ২১ | ১৬ জানু ২১ | ১৭ জানু ২১ | ১৮ জানু ২১ | ১৯ জানু ২১ |
| [২] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জন/ঘন্টা | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ আগস্ট ২০২০ | ৩০ আগস্ট ২০২০ | ৭ সেপ্টেম্বর ২০২০ | ১৫ সেপ্টেম্বর ২০২০ | ৩০ সেপ্টেম্বর ২০২০ |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | ১ | |
| [৩] তথ্য অধিকার ও স্বপ্রণোদিততথ্য প্রকাশ বাস্তবায়ন | ১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | প্রতি **মাসের ৪র্থ সপ্তাহ** | - |
| **[৪] কার্যপদ্ধতী ও সেবার মানোন্নয়ন** | ৪ | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসে ২০ | ৩১ জানু ২১ | ২৮ ফেব্রু-২১ | ৩১ মার্চ ২১ | ৩১ এপ্রিল ২১ |
| | | | কমপক্ষে একটি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসে ২০ | ৩১ জানু ২১ | ২৮ ফেব্রু-২১ | ৩১ মার্চ ২১ | ৩১ এপ্রিল ২১ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫% |
| | | পি আরএল শুরুর ২মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পআরএল ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপত জারি নিশ্চিতকরণ | পি আরএল শুরুর ২মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পআরএল ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপত জারি নিশ্চিতকরণ | % | ১ | ১০০% | ৯০% | ৮০% | ৭৫% | ৭০% |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০২৩-২০২৪ (Target Value-20-23-24) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | |
| [৫] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন ও আঙ্গিনা পরিছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিছন্ন | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০২০ | ৩১ জানুয়ারি ২০২১ | ২৮ ফেব্রুয়ারি ২০২১ | ৩১মার্চ ২০২১ | ১৫ এপ্রিল ২০২১ |
| | | সেবা প্রত্যাশী ও দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী ও দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০২০ | ৩১ জানুয়ারি ২০২১ | ২৮ ফেব্রুয়ারি ২০২১ | ৩১মার্চ ২০২১ | ১৫ এপ্রিল ২০২১ |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০২০ | ৩১ জানুয়ারি ২০২১ | ২৮ ফেব্রুয়ারি ২০২১ | ৩১মার্চ ২০২১ | ১৫ এপ্রিল ২০২১ |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে নিষ্পত্তিকৃত অডিট আপত্তির শতকরা হার | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |

আমি উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর , জেলা প্রশাসক, দিনাজপুর , এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা প্রশাসক, দিনাজপুর , উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

২৫।০৬।২০২৩

(মো: রমিজ আলম)
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর ।
ফোনঃ ০২৫৮৯৯২৫১২২
ই-মেইলঃ unodinajpur@mopa.gov.bd

তারিখ- /০৬ /২৩ খ্রিঃ।

(শাকিল আহমেদ)
জেলা প্রশাসক
দিনাজপুর

তারিখ- ২৫ ০৬/২৩ খ্রিঃ।